**তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর দপ্তর**
ও এন্ড এম, বাপাউবো
পানি ভবন (লেভেল-১), ব্লক-সি
৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫
ফোন নং- ০২২২২২৩০০৯৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

**Office of the Superintending Engineer O&M**
BWDB, Pani Bhaban
(Level-1), Block-C,
72 Green Road, Dhaka - 1205
E-mail: se.onm@bwdb.gov.bd
Phone: 02222230093

স্মারক নং- পওর/পরি/পাউবো/বি-১৫/৩৯২

তারিখঃ- ২৯/০৬/২০২২ খ্রিঃ।

**বিষয়ঃ- ২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত (ক) বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭), (খ) আবাসিক ভবন (অর্থনৈতিক কোড-৩২৫৮১০৬) , (গ) বিদ্যুৎ (অর্থনৈতিক কোড-৩২১১১১৩), (ঘ) পৌর কর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০৩), (ঙ) ভূমি উন্নয়ন কর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০২) এবং (চ) বাঁধ মেরামত (দুর্যোগকালীন) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৪৭) উপখাতের আওতায় সমাপ্ত প্রকল্প ও কাজ ওয়ারী জোন ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা প্রেরণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর নির্দেশনা মোতাবেক বিষয়ে বর্ণিত উপখাতসমুহের বাজেট বরাদ্দ প্রস্তাবনা প্রতি বছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয় এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে আপনার জোন অধীনস্থ সকল পওর/পানি উন্নয়ন বিভাগের ২০২২-২৩ সালের বিষয়ে বর্ণিত উপখাতসমূহের বরাদ্দ প্রস্তাবনা প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষর সহকারে জোন ভিত্তিক সমন্বিত পুস্তিকা আকারে (বিভাগ সমূহের বিস্তারিত বিভাজনসহ) আগামী **১০ আগস্ট, ২০২২ খ্রিঃ** তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রাপ্তি নিশ্চিত করা অতীব জরুরী। সুতরাং সকল জোনের বর্ণিত বরাদ্দ প্রস্তাবনাসমূহ কোড ভিত্তিক জোনের সারসংক্ষেপ সহকারে ৬টি পুস্তিকা (৬টি কোডের জন্য আলাদা ভাবে) প্রধান প্রকৌশলীর ইমেইল হতে সফট কপি (Only **Excel Format**) এবং হার্ড কপি অত্র দপ্তরে (se.onm@bwdb.gov.bd) নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনাক্রমে ও এন্ড এম (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) বাজেটের আওতায় শুধুমাত্র মেরামত কাজ এবং তৎসংশ্লিষ্ট কাজের অনুকূলে অর্থ বরাদ্দ বিবেচনার বিধান রয়েছে। দাখিলকৃত জোনভিত্তিক প্রতিটি প্রস্তাবনা, প্রতিটি অঙ্গ অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনাক্রমে নিবিড় পরিবীক্ষণ করার পর বাজেট পরিপত্র মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। বোর্ড কর্তৃক প্রস্তাবনা সমূহ সুপারিশ করার পর পানি সম্পদ মন্ত্রণালয়ের "বিএমসি (Budget Management Committee)" এর নিকট দাখিল করা হবে। "বিএমসি" কর্তৃক প্রস্তাবনা সমূহ গৃহীত হলে কাজসমূহের বাস্তব বিভাজন অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। এই সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করতে নূন্যতম ৩০ দিন সময় প্রয়োজন হয়। **"বাজেট অগ্রাধিকার"** বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনাপূর্বক **আগামী ১০ আগস্ট, ২০২২ খ্রিঃ** তারিখের মধ্যে হার্ড কপি এবং সফট কপি অত্র দপ্তরে প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

**<u>নিম্নবর্ণিত বিষয়সমূহ গুরুত্ব সহকারে বিবেচনা পূর্বক বরাদ্দ প্রস্তাবনা প্রণয়ন করার জন্য সবিনয়ে অনুরোধ করা হলোঃ</u>**

১. **(ক)** ২০২২-২৩ অর্থ বছর থেকে নতুন সৃষ্ট কোড "বাঁধ মেরামত (দুর্যোগকালীন) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৪৭)" এর আওতায় আপদকালীন জরুরী কাজ সংশ্লিষ্ট বরাদ্দ চাহিদা প্রেরণ করতে হবে।

**(খ)** নতুন সৃষ্ট "বাঁধ মেরামত (দুর্যোগকালীন) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৪৭)" এর বরাদ্দ প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে সম্পাদিত যে সকল আপদকালীন জরুরী কাজ ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত নেই শুধুমাত্র সে সকল কাজ অন্তর্ভুক্ত করতে হবে। বাস্তবায়িত প্রতিটি কাজের বরাদ্দ প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে

Appendix-II ও পোস্ট এসেসমেন্ট এর চুড়ান্ত/অনুমোদিত কপি পুস্তিকা আকারে প্রাপ্তি ব্যতিরেকে বরাদ্দ প্রস্তাবনা বিবেচনার কোন সুযোগ নেই।

২. ২০২২-২৩ অর্থ বছর থেকে বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) এর আওতায় কোড সংশ্লিষ্ট বিবিধ রুটিন মেরামত কাজের চাহিদা প্রেরণ করতে হবে।

৩. বিবিধ রুটিন মেরামত কাজের ক্ষেত্রে বিস্তারিত প্রস্তাবনায় প্রতিটি কাজ, সম্পাদিত কাজের অপরিশোধিত বিল, চলমান কাজ (ক্যারিড ওভার), হাওড় সংশ্লিষ্ট কাজ (প্রযোজ্য ক্ষেত্রে), সেচ সংশ্লিষ্ট কাজ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নতুন মেরামত কাজ সম্বলিত শিরোনামের অধীনে আবশ্যিকভাবে প্রস্তাব করতে হবে। সম্পাদিত কাজসমূহের ক্ষেত্রে প্রমাণক (কার্যসম্পাদন সনদ ও বিলের কপি) সংযুক্ত করতে হবে। চলমান কাজসমূহের ক্ষেত্রে কার্যাদেশ এর কপি এবং জুন/২০২২ পর্যন্ত পরিশোধিত অর্থের প্রমাণক সংযুক্ত করতে হবে। অন্যথায় বরাদ্দ বিষয়ে বিবেচনা করা সম্ভবপর হবে না।

৪. পানি সম্পদ মন্ত্রণালয় থেকে বরাদ্দবিহীন বাস্তবায়নের অনুমতিপ্রাপ্ত কাজের ক্ষেত্রে পানি সম্পদ মন্ত্রণালয় এর অনুমোদন পত্র এবং আংশিক বরাদ্দের ভিত্তিতে সম্পূর্ণ কাজ বাস্তবায়নের অনুমতির ক্ষেত্রে বাপাউবোর অনুমোদিত নোটসীটের কপি সংযুক্ত করতে হবে। অধিকন্তু, আংশিক বরাদ্দ ভিত্তিতে গৃহীত কাজ যা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গ্রহণ করা হয়েছে তা অনুমোদনের ডায়েরী নং ও তারিখ ছকের "মন্তব্য" কলামে আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। অন্যথায় বরাদ্দ বিষয়ে বিবেচনা করা হবে না।

৫. অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিচালন ব্যয় উপখাতে মোট বরাদ্দ কর্মসূচীভুক্ত হয়ে নিঃশেষ হওয়ার পর বিশেষ বিশেষ ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ কাজের জন্য মাঠ পর্যায়ের প্রস্তাবনার প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রনালয় কর্তৃক বরাদ্দবিহীনভাবে কাজ বাস্তবায়নের অনুমতি প্রদান করা হয়। অনুমতি প্রাপ্তির পর মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট বাস্তবায়নকারী দপ্তরকে উক্ত অনুমতি পত্র, প্রাক্কলন, সাইট ম্যাপ ইত্যাদি বিস্তারিত প্রতিবেদনসহ বরাদ্দ প্রস্তাবনা পওর পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

৬. চলমান উন্নয়ন প্রকল্পের ভৌত কাজ/সরবরাহ/বুদ্ধিবৃত্তিক সেবা, ভূমি অধিগ্রহণসহ যে কোন প্রকার আর্থিক সংশ্লিষ্টতা বিষয়ক অর্থ চাহিদা পরিচালন বাজেটের আওতায় প্রস্তাবনা আকারে প্রেরণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পের স্টিয়ারিং কমিটি **(Steering Committee)** কর্তৃক উক্ত বিষয়ে সুস্পষ্ট সিদ্ধান্ত/ নির্দেশনা সম্বলিত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৭. সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প চলাকালীন সময়ের প্রকল্প সংক্রান্ত দায়দেনা বিষয়ক অর্থ চাহিদা পরিচালন বাজেটের আওতায় প্রস্তাবনা আকারে প্রেরণ করার ক্ষেত্রে উক্ত বিষয়ে পানি সম্পদ মন্ত্রনালয় এর সুস্পষ্ট সিদ্ধান্ত/ নির্দেশনা আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৮. যে সব উন্নয়ন প্রকল্প ১ জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত সময়কালের মধ্যে সমাপ্ত হয়েছে সেসব সমাপ্ত প্রকল্পের আওতায় পরিচালন বাজেটের আওতায় অর্থ চাহিদা প্ররণের সময় আবশ্যিকভাবে (ক) **IMED** কর্তৃক উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার প্রত্যয়ন (খ) কার্যাদেশ (গ) বাপাউবোর Contract & Procurement Cell (CPC) দপ্তর কর্তৃক ইস্যুকৃত ফরমেটে কাজ সমাপ্তির দাপ্তরিক সনদ এবং (ঘ) কাজ সংশ্লিষ্ট দরপত্র দলিলে উল্লেখিত "Defect Liability Period" উল্লেখ করা পাতাটি প্রস্তাবনার সাথে সংযুক্ত করতে হবে।

৯. অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক "বিদ্যুৎ (অর্থনৈতিক কোড-৩২১১১১৩)" এর আওতায় **শুধুমাত্র** পাম্প হাউস সমূহের বিদ্যুৎ বিলের অর্থ চাহিদা প্রেরণ করতে হবে।

১০. প্রস্তাবিত মেরামত কাজসমূহ অর্থনৈতিক কোড এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের **কঠোর নির্দেশনা** রয়েছে। সুতরাং অর্থনৈতিক কোডের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন কোন কাজ বরাদ্দ/উপযোজন প্রস্তাবনায় অন্তর্ভুক্ত থাকলে তা বিবেচনা করা সম্ভবপর হবে না।

১১. দাখিলকৃত মূল বরাদ্দ প্রস্তাবনায় কোন সংশোধন প্রয়োজন হলে তা **২৫ আগস্ট, ২০২২ খ্রিঃ** তারিখের মধ্যে **সংশোধন প্রস্তাবনা** সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রত্যয়ন পত্রসহ অত্র দপ্তরে পাওয়া গেলে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেটের উপযোজন প্রয়োজন হলে **৩১ ডিসেম্বর, ২০২২** এর মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে **উপযোজন প্রস্তাবনা** বোর্ডে দাখিল করতে হবে। পরবর্তীতে উপযোজন মোতাবেক সংশোধিত বাজেট প্রণয়ন করতে হবে। অন্যথায় কোন জটিলতার সৃষ্টি হলে অত্র দপ্তর কোনরূপ দায়ভার গ্রহণ করবে না।

১৩. মাঠ পর্যায়ের প্রস্তাবনার আলোকে গুরুত্বপূর্ণ কোন একটি কাজের অনুকূলে মূল বরাদ্দে অপেক্ষাকৃত বৃহৎ পরিমান অর্থের সংস্থান করা হতে পারে। পরবর্তীতে উপযোজন কালে উক্ত বরাদ্দকে ক্ষুদ্র ক্ষুদ্র আকারে পৃথক অনেকগুলো কাজের অনুকূলে উপযোজন প্রস্তাবনা আকারে উপস্থাপন করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

১৪. **৩০ এপ্রিল, ২০২৩** এর মধ্যে **সংশোধিত বরাদ্দ প্রস্তাবনা** (অনুমোদিত উপযোজন প্রস্তাবনার আলোকে) দাখিল করতে হবে।

১৫. অত্র পত্রের সহিত সংযুক্ত নির্ধারিত ছক (সংযুক্তি-০১ থেকে সংযুক্তি-০৬, ছক- A, ছক- B, ছক- C, ছক- D, ছক- E ও ছক- F) অনুযায়ী বরাদ্দ প্রস্তাবনা প্রণয়ন করতে হবে। বিষয়ে বর্নিত উপখাত সংশ্লিষ্ট যেকোন কাজের নির্ধারিত ছক অন্তর্ভুক্তি ব্যতিরেকে বরাদ্দের বিষয় বিবেচনার সুযোগ নেই।

১৬. উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক পূর্ণাঙ্গ ও সুবিন্যস্ত তথ্য উপাত্ত এবং প্রয়োজনীয় দলিল পত্রাদি (documents) সংযুক্ত করতঃ সামঞ্জস্যপূর্ণ অর্থনৈতিক কোডের অনুকূলে পরিচালন বাজেট প্রস্তাবনা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। অন্যথায় বরাদ্দ বিষয়ে কোনরূপ জটিলতা সৃষ্টি হলে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নকারী দপ্তর এর দায় বহন করবে, অত্র দপ্তর এর জন্য কোনভাবে দায়ী থাকবে না। উল্লেখ্য, আংশিক তথ্য উপাত্ত প্রাপ্তির ভিত্তিতে বরাদ্দকৃত পরিচালন বাজেট বিষয়ে আর্থিক শৃঙ্খলা সংক্রান্ত কোনরূপ বিষয় উত্থাপিত হলে প্রস্তাবনা সংশ্লিষ্ট দপ্তর এর দায় বহন করবে, অত্র দপ্তর এর জন্য কোনভাবে দায়ী থাকবে না।

১৭. অত্র দপ্তরে প্রেরিত বরাদ্দ প্রস্তাবনার হার্ড কপি এবং সফট কপি পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে কোন অসামঞ্জস্য পাওয়া গেলে স্বাক্ষরিত হার্ড কপিকেই প্রাধান্য দেয়া হবে।

১৮. বরাদ্দকৃত সকল অর্থের বিপরীতে বাস্তব কাজ প্রদর্শন করতঃ অর্থ মন্ত্রণালয় হতে বাজেট অনুমোদন করার নির্দেশনা থাকায় অত্র দপ্তরের পক্ষে কোন থোক বরাদ্দ স্থিতি হিসেবে রেখে আলাদাভাবে বরাদ্দ অনুমোদন করার কোন সুযোগ নেই।

১৯. উল্লেখ্য, বি এম সি এর সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত আর্থিক বিভাজনের বাইরে কাজ বাস্তবায়নের অনুমতি প্রদান সমীচীন নয়।

২০. কাজের বিল প্রদানের ক্ষেত্রে/অর্থ ব্যয়ের ক্ষেত্রে ব্যয়কারীকে PPA-2006, PPR-2008, আর্থিক ক্ষমতা (DoFP) এর বিধি বিধানসহ বাপাউবোর এসেসমেন্ট কমিটি, পানি সম্পদ মন্ত্রনালয়ের পরিবীক্ষন ও মূল্যায়ন কমিটি এবং পানি সম্পদ মন্ত্রনালয়ের অন্যান্য প্রয়োজনীয় সকল বিধি-বিধান ও নিয়মাচার প্রতিপালন করতঃ অর্থ ব্যয় করতে হবে। অধিকন্তু এ বিষয়ে বাপাউবো, দুর্নীতি দমন কমিশন বা অনুরূপ কোন সংস্থার কোন পর্যবেক্ষণ/সিদ্ধান্ত থাকলে তা প্রতিপালনপূর্বক বিল প্রদান সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, বরাদ্দকৃত অর্থ ব্যয়/বিল প্রদানে কোন অনিয়ম হলে সেক্ষেত্রে অত্র দপ্তর কোনরূপ দায়ভার গ্রহণ করবে না।

২১. ড্রেজার নারায়ণগঞ্জ ও ড্রেজার খুলনা এর আওতাধীন দপ্তর সমূহকে কাজের বিল প্রদানের ক্ষেত্রে/ অর্থ ব্যয়ের ক্ষেত্রে অনুচ্ছেদ-২০ এ বর্ণিত প্রচলিত বিধিবিধান প্রতিপালনের পাশাপাশি গত ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখে মহাপরিচালক মহোদয়ের দপ্তরকক্ষে অনুষ্ঠিত সভায় স্মারক নং- ০৮-মপ/বাপাউবো/২০২২, তারিখঃ ১০/০১/২০২২ খ্রিঃ (কপি সংযুক্ত, এনেক্সার-১) মোতাবেক কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ অনুসরণ করতে হবে।

২২.আরও উল্লেখ্য যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুকূলে পরিচালন ব্যয়ের বরাদ্দ/ সংশোধিত বরাদ্দ প্রদান করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের চীফ একাউন্টিং অফিসার হিসেবে দায়িত্বপ্রাপ্ত সিনিয়র সচিব, পাসম মহোদয়, বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে পরিচালন বাজেট সংক্রান্ত অর্থ ব্যবস্থাপনা করেন।

২৩. বাপাউবোর অধীনস্থ পওর পরিদপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়ের চীফ একাউন্টিং অফিসার সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় ও বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের নির্দেশনাক্রমে পরিচালন বাজেট সংক্রান্ত অর্থ ব্যবস্থাপনার বিস্তারিত কার্যক্রম, যেমন- জোন ভিত্তিক বিস্তারিত বরাদ্দ বিভাজন পরিবীক্ষণপূর্বক সুপারিশকরণ, “বিডব্লিউজি (Budget Working Group)”, “বিএমসি (Budget Management Committee)”, “ত্রিপক্ষীয় সভা” ইত্যাদির কার্যপত্র প্রস্তুতি, পানি সম্পদ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সাথে নিয়মিতভাবে যোগাযোগ পূর্বক চাহিত তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা প্রদান ইত্যাদির মাধ্যমে বাজেট অনুমোদনসহ অর্থ বিলির সুপারিশ ইত্যাদি সংক্রান্ত কাজ করে থাকে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পত্রটি জারি করা হলো।

সংযুক্তিঃ ছক - ৬ খানা এবং এনেক্সার-১

২৯/০৬/২০২২
(এ, কে, এম সাইফুদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ)
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পওর/পরি/পাউবো/বি-১৫/৩৯২/১(৪) তারিখঃ- ২৯/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ পানি বিজ্ঞান/ প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন/যান্ত্রিক সরঞ্জাম /ড্রেজার, নারায়ণগঞ্জ/ড্রেজার, খুলনা।

২। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।

৩। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পওর/পরি/পাউবো/বি-১৫/৩৯২/১(৮) তারিখঃ- ২৯/০৬/২০২২ খ্রিঃ

**অনুলিপি** ঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। প্রধান প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
২। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, অর্থ, বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাপাউবো, ঢাকা

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

# সংযুক্তি

(সংযুক্তি–০১ থেকে সংযুক্তি-০৬)

সংযুক্তি -১

# ছক-A

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থ কোড-৩২৫৮১৩৭)-
এর অনুকূলে প্রকল্প ওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | সমাপ্ত প্রকল্পের | | কাঠামোর | | চাহিদার বিবরণ | | রীচ (কিঃমিঃ-কিঃমিঃ) | | প্রধান পরিমাপ | | দ্বিতীয় পরিমাপ | | অগ্রাধিকার | অর্থ চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | আইডি | নাম | আইডি | নাম | কোড | কাজের বিবরণ | শুরু | শেষ | পরিমাপ | একক | পরিমাপ | একক | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| সম্পাদিত মেরামত কাজের চাহিদাঃ | | | | | | | | | | | | | | | | প্রমাণক: বিলের কপি সংযুক্ত করতে হবে। |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| হাওড় সংশ্লিষ্ট কাজঃ (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| সেচ সংশ্লিষ্ট কাজ ঃ (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| চলমান মেরামত কাজঃ | | | | | | | | | | | | | | | | কার্যাদেশ এর কপি এবং জুন/২০২২ পর্যন্ত পরিশোধিত অর্থের প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| নতুন মেরামত কাজঃ | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

সংযুক্তি -২

# ছক-B

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় আবাসিক ভবন (অর্থ কোড-৩২৫৮১০৬) উপখাতে প্রকল্প/কলোনী ওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সমাপ্ত প্রকল্প/কলোনীর নাম | প্রস্তাবিত মেরামত কাজের বিবরণ | অর্থ চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

# ছক-C

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় বিদ্যুৎ (অর্থনৈতিক কোড-৩২১১১১৩) উপখাতে প্রকল্প/কলোনী ওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সমাপ্ত প্রকল্প/কলোনীর নাম | চাহিদার বিবরণ | অর্থ চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

সংযুক্তি - ৪

# ছক-D

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় পৌরকর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০৩) উপখাতে বিভাগ ও প্রকল্পওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | জোন/সার্কেল/বিভাগ/প্রকল্প | বকেয়ার চাহিদা | চলতি অর্থ বছরের চাহিদা | ২০২২-২৩ অর্থ বছরের মোট চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫(৩+৪) | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

সংযুক্তি -৫

# ছক-E

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় ভূমি উন্নয়ন কর (অন্যান্য ব্যয়)(অর্থনৈতিক কোড-৩৮২১১০২) উপখাতে বিভাগ ও প্রকল্পওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | জোন/সার্কেল/বিভাগ/প্রকল্প | বকেয়ার চাহিদা | চলতি অর্থ বছরের চাহিদা | ২০২২-২৩ অর্থ বছরের মোট চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫(৩+৪) | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

সংযুক্তি -৬

# ছক-F

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত বাঁধ মেরামত (দুর্যোগকালীন) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৪৭) -এর অনুকূলে প্রকল্প ওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | সমাপ্ত প্রকল্পের | | কাঠামোর | | চাহিদার বিবরণ | | রীচ (কিঃমিঃ-কিঃমিঃ) | | প্রধান পরিমাপ | | দ্বিতীয় পরিমাপ | | অগ্রাধিকার | অর্থ চাহিদা | বোর্ড বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | আইডি | নাম | আইডি | নাম | কোড | কাজের বিবরণ | শুরু | শেষ | পরিমাপ | একক | পরিমাপ | একক | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| (ক) সম্পাদিত আপদকালীন জরুরী মেরামত কাজের চাহিদাঃ (২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ প্রস্তাবনায় অন্তর্ভুক্ত হয়নি যে কাজসমূহ) | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| (খ) চলমান আপদকালীন জরুরী মেরামত কাজের চাহিদাঃ | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

# এনেক্সার

## (এনেক্সার-১)

বিষয় : ও এন্ড এম বাজেটের আওতায় বাপাউবো'র নিজস্ব ড্রেজার দ্বারা ড্রেজিং কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ড্রেজার ও সহযোগী জলযান পরিচালনার জন্য জ্বালানি সংগ্রহকরণ প্রসঙ্গে।

স্থান : মহাপরিচালক, বাপাউবো মহোদয় এঁর দপ্তর কক্ষ।

তারিখ : ৫ জানুয়ারী ২০২২; সময়: সকাল ৯:০০ ঘটিকা।

গত ৫ জানুয়ারি ২০২২ তারিখ মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে পরিচালন (ও এন্ড এম) বাজেটের আওতায় বাপাউবো'র নিজস্ব ড্রেজার দ্বারা ড্রেজিং কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ড্রেজার ও সহযোগী জলযান পরিচালনার জন্য জ্বালানি সরবরাহ সংক্রান্ত বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব/পশ্চিম রিজিয়ন, পরিকল্পনা), প্রধান প্রকৌশলী পওর, প্রধান প্রকৌশলী, ড্রেজার দপ্তর, বাপাউবো খুলনা, পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী পওর এবং নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়নগঞ্জ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপস্থিত সকলকে আলোচনায় অংশ গ্রহণের জন্য অনুরোধ জানান।

পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পওর দপ্তর জানান যে, পরিচালন খাতের আওতাধীন কাজের অনুকূলে বাজেট বরাদ্দ ও অর্থ স্থানান্তরকরণ বছরের শুরুতে সম্ভব না হওয়ায় বাপাউবো'র নিজস্ব ড্রেজার পরিচালনায় প্রয়োজনীয় জ্বালানীর অনুকূলে চাহিদাকৃত অর্থ স্থানান্তর করা প্রায় অসম্ভব হয়ে পড়ে। বিধায় অন্যান্য কাজের মত ঠিকাদার নিয়োগের মাধ্যমে জ্বালানি সংগ্রহ করা হলে উক্ত সমস্যার সমাধান করা যেতে পারে। মহাপরিচালক মহোদয় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) ডিপো থেকে বাকীতে জ্বালানি সংগ্রহ করা যাবে কিনা এ বিষয়ে মতামত জানতে চাইলে প্রধান প্রকৌশলী, ড্রেজার, খুলনা জানান যে, বাংলাদেশ সেনাবাহিনীর দৈনন্দিন বিভিন্ন কাজে প্রয়োজনীয় জ্বালানি বাকীতে সরবরাহ করা হয়। তিনি আরো জানান যে, ইতঃপূর্বে ড্রেজার দপ্তরসমূহের প্রয়োজনীয় জ্বালানি ঠিকাদার নিয়োগের মাধ্যমে সরবরাহ নেয়া হতো। কিন্তু বিভিন্ন জটিলতা সৃষ্টি হওয়ায় বিগত কয়েক বছর যাবৎ সরাসরি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর ডিপো থেকে ডিপো দরে নগদে জ্বালানি সংগ্রহ করা হচ্ছে। মহাপরিচালক মহোদয় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) আওতাধীন প্রতিষ্ঠান পদ্মা/মেঘনা/যমুনা ওয়েল কো. লি. এর সাথে যোগাযোগ করে ক্রেডিটে জ্বালানী সরবরাহ নিয়ে পরিচালন বাজেটের আওতায় ড্রেজিং কাজগুলো সম্পাদনের পরামর্শ দেন। পরবর্তীতে অর্থ বছরের শেষাংশে সমুদয় বকেয়া/বকেয়ার সিংহভাগ পরিশোধ করা যেতে পারে। এবিষয়ে প্রধান প্রকৌশলী, ড্রেজার দপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ ও খুলনা যোগাযোগ করতে পারেন।

নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ জানান যে, ঠিকাদারের মাধ্যমে জ্বালানি সংগ্রহ করা হলে উক্ত ডিপো দরের সহিত ভ্যাট, ট্যাক্স ও ঠিকাদার লভ্যাংশ অন্তর্ভুক্ত করতে হবে। ফলে বিদ্যমান সিডিউল দর পরিবর্তন করতে হবে। প্রাক্কলন সংশোধন করা হলে বর্তমানে চলমান ড্রেজিং কাজে জটিলতা সৃষ্টি হতে পারে এবং ড্রেজিং কাজ বাধাগ্রস্ত হতে পারে বিধায় বিদ্যমান সিস্টেমে সরাসরি ক্রয়ের মাধ্যমে চলমান কাজ সম্পন্ন করা প্রয়োজন। পরবর্তী বছর হতে প্রাক্কলন সংশোধনপূর্বক ড্রেজিং কাজ বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়াও তিনি জানান যে, চলতি আর্থিক সালে সিরাজগঞ্জ হার্ড পয়েন্ট সংলগ্ন যমুনা নদীর ড্রেজিং কাজ জরুরী-ভিত্তিতে শুরু করতে হবে বিধায় উক্ত কাজ বিদ্যমান সিস্টেমে ডিপো দরে সরাসরিভাবে জ্বালানি সংগ্রহ পূর্বক সম্পন্ন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনান্তে নিম্ন-বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত সমূহ:

০১। চলমান ড্রেজিং কাজসমূহ অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী বিদ্যমান সিস্টেমে ডিপো থেকে সরাসরি নগদে জ্বালানি সংগ্রহপূর্বক সম্পন্ন করতে হবে।

০২। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) আওতাধীন প্রতিষ্ঠান পদ্মা/মেঘনা/যমুনা ওয়েল কো. লি. এর সাথে যোগাযোগ করে ক্রেডিটে জ্বালানী সরবরাহ নেয়ার বিষয়ে প্রধান প্রকৌশলী, ড্রেজার দপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ ও খুলনা যোগাযোগ করতে পারেন। বিপিসি ক্রেডিটে জ্বালানী সরবরাহ দিতে রাজী থাকলে জ্বালানী পরিবহন ঠিকাদার নিয়োগ করে ডিপো দরে জ্বালানী সরবরাহ নিয়ে ড্রেজিং কাজ বাস্তবায়ন করতে হবে।

০৩। বিপিসি ক্রেডিটে জ্বালানী সরবরাহ দিতে রাজী না থাকলে জ্বালানি দরের সহিত ভ্যাট, ট্যাক্স, পরিবহন ব্যয় ও লভ্যাংশ ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) অন্তর্ভুক্ত করে বাপাউবো'র সিডিউল দর সংশোধনপূর্বক ঠিকাদারের মাধ্যমে ড্রেজারে জ্বালানি সরবরাহ নিয়ে ড্রেজিং কাজ বাস্তবায়ন করতে হবে।

০৪। পরিচালন এবং রক্ষণাবেক্ষন (ও এন্ড এম) বাজেট/এডিপি প্রকল্পের আওতায় বাপাউবো'র নিজস্ব ড্রেজার দ্বারা ড্রেজিং কাজ বাস্তবায়নের ক্ষেত্রে জ্বালানী ও লুব্রিকেন্টস সরবরাহ সরকারী নির্ধারিত দরে গ্রহণ করতে হবে এবং জ্বালানী পরিহবহন ও ড্রেজিং আনুষঙ্গিক অংগসহ ড্রেজিং কাজের আলাদা সিডিউল অব রেটস প্রণয়ন করতঃ সিডিউল রেটে ঠিকাদার নিয়োগ করে ড্রেজিং কাজ বাস্তবায়ন করা যেতে পারে।

১০/০১/২০২২

(ফজলুর রশিদ)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নং- ০৮—মপ/বাপাউবো/২০২২ তারিখঃ ১০/০১/২০২২

অনুলিপিঃ

১। অতিঃ মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, পানি ভবন, লেভেল-৫, ৭২ গ্রীণরোড, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৫, ৭২ গ্রীণরোড, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী ড্রেজার দপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৪। প্রধান প্রকৌশলী, ড্রেজার দপ্তর, বাপাউবো, খুলনা।